# নতুন ফিচারের সাথে স্পটিফাই প্রিমিয়াম ফি বাড়ছে সেপ্টেম্বর থেকে




সংগৃহীত ছবি

স্পটিফাই প্রিমিয়াম ব্যবহারকারীদের জন্য আসছে মূল্যবৃদ্ধি। নতুন ফিচার ও সেবা যুক্ত করার অংশ হিসেবে সেপ্টেম্বর থেকে বিভিন্ন অঞ্চলে সাবস্ক্রিপশন ফি বাড়ানো হবে।

জনপ্রিয় মিউজিক স্ট্রিমিং প্ল্যাটফর্ম স্পটিফাই প্রিমিয়াম গ্রাহকদের জন্য ফি বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। কোম্পানির কো-প্রেসিডেন্ট ও চিফ বিজনেস অফিসার অ্যালেক্স নরস্ট্রম বলেন, মূল্য সমন্বয় স্পটিফাইয়ের ব্যবসায়িক কৌশলের একটি নিয়মিত অংশ এবং তা তখনই প্রয়োগ করা হবে, যখন যুক্তিযুক্ত মনে হবে।

তিনি আরও জানান, নতুন ফিচার ও পরিষেবা চালুর কারণে সাবস্ক্রিপশনের হার বাড়ানো হচ্ছে। এ পরিবর্তনের লক্ষ্য বিশ্বব্যাপী আরও ব্যবহারকারীকে অন্তর্ভুক্ত করে ১০০ কোটি গ্রাহকের মাইলফলকে পৌঁছানো।

চলতি আগস্টেই স্পটিফাই ঘোষণা দিয়েছে, আগামী সেপ্টেম্বর থেকে প্রিমিয়াম সাবস্ক্রিপশনের ফি বাড়বে। নতুন হার নির্ধারণ করা হয়েছে ১১.৯৯ ইউরো, যা আগে ছিল ১০.৯৯ ইউরো। এই মূল্যবৃদ্ধি কার্যকর হবে দক্ষিণ এশিয়া, মধ্যপ্রাচ্য, আফ্রিকা, ইউরোপ, ল্যাটিন আমেরিকা ও এশিয়া-প্যাসিফিক অঞ্চলে।